

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
জনস্বাস্থ্য-১ অধিশাখা

নং: স্বাপকম/জনস্বাস্থ্য-১/ঔষধ-৪১/২০০৮(অংশ-৩)-৬০৫

তারিখ: ২৬/০৫/২০১৬ খ্রি:

প্রজ্ঞাপন

দেশের বিভিন্ন স্থানে লাইসেন্সবিহীন ঔষধের দোকান এবং নকল, ভেজাল ও অবৈধ ঔষধ প্রস্তুতকারী, বিক্রয়কারী ও সরবরাহকারীদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে সরকার এতদ্বারা নিম্নবর্ণিত সদস্যবর্গের সমন্বয়ে সকল জেলার জন্য কার্যকরী “জেলা ঔষধের অনিয়ম প্রতিরোধ সংক্রান্ত এ্যাকশন কমিটি” পুনর্গঠন করিল:

ক)	জেলা প্রশাসক	সভাপতি
খ)	জেলা পুলিশ সুপার	সদস্য
গ)	সিভিল সার্জন, সংশ্লিষ্ট জেলা	সদস্য
ঘ)	উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট জেলার সকল উপজেলা)	সদস্য
ঙ)	উপ-পরিচালক (পরিবার পরিকল্পনা), সংশ্লিষ্ট জেলা	সদস্য
চ)	সভাপতি/সেক্রেটারি, জেলা কমিস্ট এন্ড ড্যাগিস্ট সমিতি, সংশ্লিষ্ট জেলা	সদস্য
ছ)	ঔষধ তত্ত্বাবধায়ক, সংশ্লিষ্ট জেলা	সদস্য-সচিব

কার্যপরিধি:

- ক) কমিটি স্ব-স্ব জেলার আওতাধীন এলাকায় লাইসেন্সবিহীন ঔষধের দোকান এবং নকল, ভেজাল ও অবৈধ ঔষধ প্রস্তুতকারী, বিক্রয়কারী ও সরবরাহকারীদের বিরুদ্ধে নিয়মিত অভিযান পরিচালনা করার ব্যবস্থা করবে এবং ঔষধ আইন’ ১৯৪০, ঔষধ অধ্যাদেশ’ ১৯৮২ এবং বিশেষ ক্ষমতা আইন’ ১৯৭৪ অনুযায়ী সংশ্লিষ্ট অপরাধীদের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করবে;
- খ) কমিটি প্রতি মাসে গৃহীত ব্যবস্থা সম্পর্কে মন্ত্রণালয়ে বিস্তারিত প্রতিবেদন পেশ করবে;
- গ) প্রতিমাসে মোবাইল কোর্ট পরিচালনার তথ্য সন্নিবেশপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং ঔষধ প্রশাসন অধিদপ্তরের নিকট প্রেরণ করার বিষয়টি নিশ্চিত করবে।
- ঘ) কমিটি প্রতি ০২ (দুই) মাসে অন্তত: ০১ (এক) বার সভা করবে।
- ২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এই কমিটি পুনর্গঠন করা হলো এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

(গৌতম কুমার)
উপসচিব
ফোন: ৯৫৬৭২৫২

নং: স্বাপকম/জনস্বাস্থ্য-১/ঔষধ-৪১/২০০৮(অংশ-৩)-৬০৫(৮২০)

তারিখ: ২৬/০৫/২০১৬ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় / স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর।
- ০৫। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/পরিবার পরিকল্পনা অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা।
- ০৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ০৭। জেলা প্রশাসক,.....।
- ০৮। পুলিশ সুপার,.....।
- ০৯। উপজেলা নির্বাহী কর্মকর্তা,.....।
- ১০। উপ-পরিচালক (পরিবার পরিকল্পনা),.....।
- ১১। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা-১২০৮ (প্রজ্ঞাপনটি গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
- ১২। ঔষধ তত্ত্বাবধায়ক,.....।
- ১৩। সভাপতি/সেক্রেটারি, জেলা কমিস্ট এন্ড ড্যাগিস্ট সমিতি, (সকল জেলা).....।
- ১৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (প্রজ্ঞাপনটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

(গৌতম কুমার)
উপসচিব
ফোন: ৯৫৬৭২৫২